গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাং সেলিম উদ্দিন<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৭/০৩/২০২৪ খ্রিষ্টাব্দ, সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট- ক) |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) গত ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয়-সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৩। মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাভিত্তিক সমন্বয়-সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কার্যক্রম | আওতাধীন দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অফিসসমূহের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ চুক্তি ওয়েবসাইটে আপলোড করার বিষয়টি দৈবচয়নের ভিত্তিতে যাচাই করা হয়। অধিকাংশ অফিসের ওয়েব পোর্টালে ২০২৩-২৪ এর চুক্তি আপলোড করা থাকলেও কিছু কিছু ক্ষেত্রে চুক্তি সেবাবক্সের পরিবর্তে নোটিশে আপলোড করা হয়েছে। তাছাড়া আলীকদম উপজেলা মৎস্য অফিস ও মাটিরাঙ্গা উপজেলা প্রাণিসম্পদ অফিসে যথাসময়ে ২০২২-২৩ ও ২০২০-২১ অর্থবছরের চুক্তি আপলোড করা আছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীন কৃত্রিম প্রজনন, জেলা ভেটেরিনারি হাসপাতালের ওয়েবসাইট খোলার কার্যক্রম অদ্যবধি সম্পন্ন না হওয়ার বিষয়ে আলোচনা করা হয়েছে। এক্ষেত্রে সকল দপ্তরের (জেলা/উপজেলা/ আঞ্চলিক) এপিএ চুক্তি ওয়েব পোর্টালে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দপ্তর/সংস্থার বিভাগ/জেলা/ উপজেলা পর্যায়ের অফিসসমূহের এপিএ চুক্তি জরুরিভিত্তিতে ওয়েব পোর্টালে আপলোডের জন্য দপ্তর/ সংস্থাপ্রধানগণকে নির্দেশনা প্রদান করা হয়। | দপ্তর/সংস্থা (সকল) অতিঃ সচিব (প্রশাসন)/ উপসচিব (প্রশাসন-১) |
| ৩.২ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর অধীন দপ্তর/সংস্থার নিকট হতে লিড, কো-লিড ও এসোসিয়েট সূচকসমূহের অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য দপ্তর/সংস্থার অনুকূলে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এছাড়া মাসিক সমন্বয় সভার পূর্বে উপসচিব (প্রশাসন-১) ও সহকারী প্রোগ্রামার এর সমন্বয়ে দপ্তর/সংস্থার SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে অনলাইন/সরাসরি সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | দ্রুত সকল দপ্তর/সংস্থা হতে অগ্রগতি প্রতিবেদন সংগ্রহের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া আগামী সভার পূর্বে উপসচিব (প্রশাসন-১) ও সহকারী প্রোগ্রামার এর সমন্বয়ে দপ্তর/সংস্থার SDG বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে অনলাইন/ সরাসরি সভা আলোচনা করে অগ্রগতি জানার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | দপ্তর/সংস্থা (সকল) অতি. সচিব (প্রাণি)/ উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৩ | সেবা-পদ্ধতি সহজিকরণ | প্রাণিসম্পদ অধিদপ্তরকে দ্রুত কর্মশালা আয়োজনসহ অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক চিহ্নিত সেবাসমূহ দ্রুত বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। আগামী ০১ (এক) মাসের মধ্যে মৎস্য অধিদপ্তরের চলমান সেবাসমূহ সক্রিয়ভাবে পরিচালিত হচ্ছে কিনা | প্রাণিসম্পদ অধিদপ্তরকে দ্রুত কর্মশালা আয়োজনসহ অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক চিহ্নিত সেবাসমূহ দ্রুত বাস্তবায়ন, আগামী ০১ (এক) মাসের মধ্যে মৎস্য অধিদপ্তরের | সংস্থা প্রধান/সিস্টেম এনালিস্ট/ যুগ্মসচিব (মৎস্য- |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মসচিব (মৎস্য-৫) এবং সিস্টেম এনালিস্ট এর নেতৃত্বে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এছাড়া সমন্বয় সভার পূর্বে উপসচিব (প্রশাসন-১) ও সহকারী প্রোগ্রামার এর সমন্বয়ে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে অনলাইন/সরাসরি সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | চলমান সেবাসমূহ সক্রিয়ভাবে পরিচালিত হচ্ছে কিনা এ বিষয়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ এবং সমন্বয় সভার পূর্বে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে অনলাইন/ সরাসরি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | ৫)/উপসচিব (প্রশাসন-১) |
| ৩.৪ | ই-সেবা প্রবর্তন | বিদ্যমান সেবাসমূহকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে অগ্রাধিকারভিত্তিতে সেবা চিহ্নিত করে ওয়েব ও অ্যাপসভিত্তিক প্ল্যাটফর্মে সেবা প্রদানের নিশ্চয়তার বিষয়ে আলোচনা হয়। এছাড়া সমন্বয় সভার পূর্বে উপসচিব (প্রশাসন-১) ও সহকারী প্রোগ্রামার এর সমন্বয়ে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে অনলাইন/সরাসরি সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | বিদ্যমান সেবাসমূহকে ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে অগ্রাধিকারভিত্তিতে সেবা চিহ্নিত করে ওয়েব ও অ্যাপসভিত্তিক প্ল্যাটফর্মে সেবা প্রদান এবং সমন্বয় সভার পূর্বে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে অনলাইন/ সরাসরি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান/সিস্টেম এনালিস্ট |
| ৩.৫ | তথ্য-বাতায়ন হালনাগাদকরণ | স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে সুশাসনের সেবাবক্সে তথ্য আপলোডসহ মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুসারে দপ্তর/সংস্থার ওয়েবসাইট (বিভাগ/জেলা/উপজেলা পর্যায়সহ) নিয়মিত হালনাগাদের বিষয়ে আলোচনা হয়। সুশাসন সংশ্লিষ্ট কর্মকর্তাদের ব্যক্তিগত ই-মেইলের পরিবর্তে ডোমেইন ই-মেইল ব্যবহারে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অফিসিয়াল মেইল আইডি খুলে দেয়া, প্রমাণক হিসেবে স্ক্রিন শট মন্ত্রণালয়ে প্রেরণ, নিয়মিত মনিটরিং এবং সমন্বয় সভার পূর্বে উপসচিব (প্রশাসন-১) ও সহকারী প্রোগ্রামার এর সমন্বয়ে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে অনলাইন/সরাসরি সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়মিত হালনাগাদসহ দপ্তর/সংস্থার ওয়েবসাইট (বিভাগ/জেলা/উপজেলা পর্যায়সহ) ব্যক্তিগত ই-মেইলের পরিবর্তে ডোমেইন ই-মেইল ব্যবহার করা এবং সমন্বয় সভার পূর্বে উপসচিব (প্রশাসন-১) ও সহকারী প্রোগ্রামার এর সমন্বয়ে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে অনলাইন/সরাসরি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান/ সিস্টেম এনালিস্ট |
| ৩.৬ | আইন/ বিধিমালা প্রণয়ন | **(ক) "বাংলাদেশ পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ (সংশোধন) আইন, ২০২৪":** পশু ও পশুজাত পণ্য সংগনিরোধ (সংশোধন) আইন, ২০২৪ এর খসড়া পর্যালোচনার লক্ষ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় কমিটির তৃতীয় সভা ১৫ জানুয়ারি, ২০২৪ তারিখ সোমবার সকাল ১০.৩০ ঘটিকায় মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (আইন অনুবিভাগ) এর সভাপতিত্বে অত্র বিভাগের সভাকক্ষে (কক্ষ নং-২২, নিচতলা ভবন নম্বর-২) অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশোধিত খসড়া আইন এর ওপর মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। মতামত না পাওয়ায় পুনরায় ১৩/০৩/২০২৪ তারিখে তাগিদপত্র প্রদান করা হয়েছে। আগামী ৩১/০৩/২০২৪ তারিখে এ বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা আহবানের বিষয়ে আলোচনা করা হয়েছে। | (ক) আগামী ০৩/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য আন্ত:মন্ত্রণালয় সভার আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.৬ | | **(খ) মৎস্য সঙ্গনিরোধ বিধিমালা ২০২৪:** মৎস্য সংগনিরোধ বিধিমালা, ২০২৪ প্রণয়নের লক্ষ্যে বিধিতে উল্লিখিত বিভিন্ন ফি ও মাসুল নির্ধারণ বিষয়ে অর্থ বিভাগের সম্মতি পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>**(গ) মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২৪ প্রণয়ন:** মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২৩ প্রণয়নের লক্ষ্যে ২৪.০১.২০২৪ তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে বিভিন্ন ফি ও মাসুল নির্ধারণ বিষয়ে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক মৎস্য অধিদপ্তরকে ০৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যবধি পাওয়া যায়নি।<br>**(ঘ) মৎস্যখাদ্য বিধিমালাঃ** লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এর নির্দেশনার আলোকে খসড়া মৎস্য খাদ্য বিধিমালায় সংশ্লিষ্ট বিভিন্ন ফি নির্ধারণের বিষয়টি স্টেকহোল্ডারদের সাথে পরামর্শক্রমে প্রস্তাব পুনঃ প্রেরণের জন্য ১০/১০/২০২৩ তারিখে অনুরোধ করা হয়েছে। অদ্যবধি পাওয়া যায়নি। | (খ) অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) মৎস্য অধিদপ্তর হতে জরুরিভিত্তিতে তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।<br>(ঘ) মৎস্য অধিদপ্তর হতে জরুরিভিত্তিতে হালনাগাদ তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান/ উপসচিব (আইন) |
| ৩.৭ | দপ্তর/সংস্থার অধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত | দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল) |
| ৩.৮ | অডিট আপত্তি | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত তথ্য পর্যালোচনান্তে দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তিতে নিয়মিত ত্রি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। প্রয়োজনে অডিট অফিসের সাথে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে ত্রি-পক্ষীয় সভা আয়োজনকরতঃ আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত তথ্য পর্যালোচনান্তে দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তিতে নিয়মিত ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ সংস্থা প্রধান/ উপসচিব (প্রশাসন-৪) |
| ৩.৯ | মামলা নিষ্পত্তি | মামলা নিষ্পত্তিতে মামলাসমূহের জবাব দ্রুত সময়ের মধ্যে বিজ্ঞ সলিসিটার উইং এ প্রেরণ, প্রয়োজনে সংশ্লিষ্ট শাখায় ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে মামলার নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং মন্ত্রণালয়ের জন্য প্যানেলের নির্ধারিত আইনজীবীকে লিখিতভাবে মামলার তথ্য (প্রবিধানমালা, মামলার সংশ্লিষ্ট আইন, অন্যান্য তথ্য) সম্পর্কে নিয়মিত ব্রিফ করার বিষয়ে আলোচনা করা হয়। বিএফডিসি'র মামলাসমূহ নিম্ন আদালতের হওয়ায় নিম্ন আদালতে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।<br>এছাড়া মৎস্য অধিদপ্তরের আওতাধীন কক্সবাজার এলাকার ০৭ (সাত) হাজার একর চিংড়ির ঘের এর বিষয়ে আলোচনা করা হয়। এসব ঘের বর্তমানে কারা ভোগ দখলে রয়েছে, রাজস্ব অর্জনসহ মামলা সংক্রান্ত সর্বশেষ অবস্থার তথ্য জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | মামলা নিষ্পত্তিতে মামলাসমূহের জবাব দ্রুত সময়ের মধ্যে বিজ্ঞ সলিসিটার উইং এ প্রেরণ, প্রয়োজনে সংশ্লিষ্ট শাখায় ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে মামলা নিষ্পত্তির কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং মন্ত্রণালয়ের জন্য প্যানেলের নির্ধারিত আইনজীবীকে লিখিতভাবে মামলার তথ্য (প্রবিধানমালা, মামলার সংশ্লিষ্ট আইন, অন্যান্য তথ্য) সম্পর্কে নিয়মিত ব্রিফ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>এছাড়া কক্সবাজার এলাকার ০৭ (সাত) হাজার একর চিংড়ির ঘের বর্তমানে কারা ভোগ দখলে রয়েছে, রাজস্ব অর্জনসহ মামলা সংক্রান্ত সর্বশেষ অবস্থার তথ্য জরুরিভিত্তিতে | সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/ মহাপরিচালক (মৎস্য অধিদপ্তর) |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | |
| ৩.১০ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | পেনশন কেইসসমূহের বিষয়ে সঠিক ও স্বয়ংসম্পূর্ণ তথ্য উপস্থাপন এবং দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। | পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিতে পেনশনের আবেদন মন্ত্রণালয়ে প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অতি দ্রুত সময়ে সকল কাগজপত্র যাচাই করে অডিট আপত্তির বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান/ মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা |
| ৩.১১ | ই-নথি | সকল দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারিদের ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনসহ কার্যকর উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। স্ব-স্ব দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভায় ই-নথি/ডি-নথিতে কার্যক্রমের হার পর্যালোচনার বিষয়ে আলোচনা করা হয়। | ১০০% ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া স্ব-স্ব দপ্তর/সংস্থার মাসিক সমন্বয় সভায় ই-নথি/ডি-নথিতে কার্যক্রমের হার পর্যালোচনার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাপ্রধান |
| ৩.১২ | ইনোভেশন | মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে যেসকল দপ্তর/সংস্থা কর্তৃক কর্মশালা এখনও কর্মশালা আয়োজন করা হয়নি, সে সকল দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকরতঃ মন্ত্রণালয়কে অবহিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। সহকারী প্রোগ্রামার জানান, ঈদের পরে ইনোভেশন শো-কেসিং আয়োজন করা হবে। সভায় বর্ণিত ইনোভেশন শো-কেসিং এ আইওটি বেজড ফিশ ফার্ম উদ্যোগটি অন্তর্ভূক্তকরণের বিষয়ে আলোচনা হয়। | ঈদের পর অনুষ্ঠেয় ইনোভেশন শো-কেসিং এ আইওটি বেজড ফিশ ফার্ম উদ্যোগটি অন্তর্ভূক্তকরণের নির্দেশনা প্রদান করা হয়। | অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ সংস্থাপ্রধান (সকল) |
| ৩.১৩ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০২/০৭/২০২৩ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তর কর্তৃক আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণে বার্ষিক গোপনীয় অনুবেদন, অডিট, প্রজেক্ট ম্যানেজমেন্ট, প্রজেক্ট প্রকিউরমেন্ট সংক্রান্ত ০১ ঘন্টাব্যাপী প্রশিক্ষণ রাখার বিষয়ে আলোচনা করা হয়। | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ০২/০৭/২০২৩ তারিখের ০১ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসারে প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রশিক্ষণ আয়োজন, এক্ষেত্রে অধিদপ্তর কর্তৃক আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণে বার্ষিক গোপনীয় অনুবেদন, অডিট, প্রজেক্ট ম্যানেজমেন্ট, প্রজেক্ট প্রকিউরমেন্ট সংক্রান্ত ০১ ঘন্টাব্যাপী প্রশিক্ষণ রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাপ্রধান (সকল)/ |
| ৩.১৪ | জাতীয় শুদ্ধাচার কৌশল | এ প্রেক্ষিতে সকল দপ্তর/সংস্থা কর্তৃক দ্বিতীয় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৪) অগ্রগতি প্রতিবেদন "সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম" সফটওয়্যারে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত গ্রহণে গঠনমূলক সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণে জরুরিভিত্তিতে নৈতিকতা কমিটির সভায় গৃহীত গঠনমূলক সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | যুগ্মসচিব (মৎস্য-১)/ সংস্থা প্রধান |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১৫ | অভিযোগ নিষ্পত্তি | সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ (সেফটি নেট এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগসহ) বিধি মোতাবেক নিষ্পত্তিকরত: সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখা এবং GRS software এ প্রস্তুতকৃত প্রতিবেদনের আলোকে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | সিটিজেন্স চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ (সেফটি নেট এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগসহ) নিষ্পত্তি করতঃ সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখা এবং GRS software এ প্রস্তুতকৃত প্রতিবেদনের আলোকে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান/ উপসচিব(প্রশা-১) (মওপ্রা) |
| ৩.১৬ | অনিষ্পন্ন পত্র/বিষয় | বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করা হয়। সকল দপ্তর সংস্থা কর্তৃক অনিষ্পন্ন পত্রের তথ্য সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী বিস্তারিতভাবে উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত পত্রাদি সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তিসহ অনিষ্পন্ন পত্রের তথ্য সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী বিস্তারিতভাবে উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল) |
| ৩.১৭ | নিয়োগ সংক্রান্ত | দপ্তর/সংস্থার সর্বশেষ নিয়োগ কার্যক্রমের তথ্য প্রেরণ বিশেষত শূণ্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম দ্রুত শুরু ও সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থার সর্বশেষ নিয়োগ কার্যক্রমের তথ্য প্রেরণ বিশেষত শূণ্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম দ্রুত শুরু ও সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল) |
| ৩.১৮ | জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন | Protection and Conservation of Fish Act, 1950 আইনটি বাংলা ভাষণায় প্রকাশ এবং দন্ড হ্রাসকরণ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া গত ০৩-০৬/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা করা হয়। সভায় ২০২৪-২৫ অর্থবছরের জন্য এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট ১১ টি প্রস্তাব প্রাপ্তির বিষয়ে আলোচনা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনার প্রেক্ষিতে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | Protection and Conservation of Fish Act, 1950 আইনটি বাংলা ভাষায় প্রকাশ এবং দন্ড হ্রাসকরণ সংক্রান্ত প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ২০২৪-২৫ অর্থবছরের জন্য এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট অনুচ্ছেদের বিপরীতে প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | এ মন্ত্রণালয়/মৎস্য অধিদপ্তর/ প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৩.১৯ | বিবিধ | (ক) গত ০১/০২/২০২৪ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি'র সভায় আগামী ৩০ মে ২০২৪ তারিখের মধ্যে ২২টি ফিশ ফার্মে **আইওটি বেজড ফিশ ফার্ম** উদ্যোগ চালুর নির্দেশনার বিষয়ে আলোচনা করা হয়। চালুকৃত ফিশ ফার্মসমূহ প্রধানমন্ত্রীর মূখ্যসচিব মহোদয় অথবা তার প্রতিনিধি/এটুআই/উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হবে। এ উদ্যোগ সফলভাবে সম্পন্নে পরিচালনা বাবদ সম্ভাব্য ব্যয়ের পরিমাণ এবং অর্থ ব্যয়ের খাতের বিষয়ে আলোচনা করা হয়। প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক আগামী ৩০ মে তারিখের মধ্যে বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(খ) পবিত্র রমজান উপলক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালনায় ভ্রাম্যমান মাংস, ডিম, দুধ বিক্রয় কার্যক্রম মন্ত্রণালয় হতে মনিটরিং এর বিষয়ে আলোচনা করা হয়। | (ক)প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি'র সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৩০ মে ২০২৪ তারিখের মধ্যে **আইওটি বেজড ফিশ ফার্ম** উদ্যোগের সকল কার্যক্রম সম্পন্নের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>(খ) মন্ত্রণালয় হতে রুটিন করে মনিটরিং কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থা প্রধান (সকল) |

| ক্র নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | (গ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর এর পরিচালনায় সুলভমূল্যে মাংস, ডিম এর বিক্রয় কার্যক্রম সারা বছরব্যাপী সচিবালয়ে চলমান রাখতে কর্ণার স্থাপনের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার বিষয়ে আলোচনা হয়। | (গ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর এর পরিচালনায় সুলভমূল্যে মাংস, ডিম এর বিক্রয় কার্যক্রম সারা বছরব্যাপী সচিবালয়ে চলমান রাখতে কর্ণার স্থাপনের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার নির্দেশনা প্রদান করা হয়। | |
| | | (ঘ) আগামী ২৪/০৪/২০২৪ তারিখে "প্রাণিসম্পদ সেবা সপ্তাহ" অনুষ্ঠিত হবে। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | (ঘ) আগামী ২৪/০৪/২০২৪ তারিখে অনুষ্ঠেয় "প্রাণিসম্পদ সেবা সপ্তাহ" যথাযথভাবে উদযাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৩/২০২৪

(মোহাং সেলিম উদ্দিন)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়